দৈনিক খবর

তারিখ ... 05 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

২

103

### বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার

# ভার্সিটি এলাকায় সন্ত্রাসী চক্রের নেতাসহ ৭ জন গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার ।।

গোয়েন্দা পুলিশ জানায়ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় সন্ত্রাসী চক্রের একজন দলনেতাসহ ৭ জনকে গ্রেফতার এবং বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়েছে।

গোপন সূত্রে খবর পেয়ে গোয়েন্দা পুলিশ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ভবনের সামনে থেকে বৃহস্পতিবার দুপুরে সন্ত্রাসী চক্রের দলনেতা আবু হাসান মুরাদ এবং অপর ৬ জন মোস্তাফিজুর রহমান শাহান, আমীনুর রশীদ লাল, জহিরুল ইসলাম খান কচি, আশরাফুল আলম লাভলু ও শাহাদত মোহাম্মদ গণিকে গ্রেফতার করে।

পুলিশ মুরাদকে ব্যাপকভাবে জিজ্ঞাসাবাদ করে। সে স্বীকার করে যে, তার কাছে বিপুল পরিমাণ অস্ত্র রয়েছে। পরে মুরাদের স্বীকারোক্তি মতে পুরানো শহরের আগামসি লেনের ল' কলেজ লাইব্রেরী ও ছাত্র সংসদ কক্ষ থেকে ৫টি অস্ত্র ও বিপুল পরিমাণ গুলী উদ্ধার করা হয়। এগুলোর মধ্যে রয়েছে ১টি জি থ্রি ও ১টি সেভেন এমএম রাইফেল, ২টি কাটা রাইফেল, ১টি পিস্তল, এসএমজি'র গুলী ৫৪টি, পিস্তলের গুলী ২টি, রাইফেলের গুলী ৯টি, জি

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## ভার্সিটি এলাকায়

প্রথম পৃষ্ঠার পর

থ্রি রাইফেলের চার্জার ৫টি এবং পিস্তলের ম্যাগাজিন ২টি। এসব অস্ত্র হেফাজতে রাখার অভিযোগে ল' কলেজের লাইব্রেরীয়ান আবদুল

প্রাথমিক তদন্ত শেষে মহানগর পুলিশের তদন্তকারীরা জানান, গ্রেফতারকৃত মুরাদ জাসদ ইনু গ্রুপের ছাত্র সংগঠন না-শ'র একজন শীর্ষ স্থানীয় নেতা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতিপূর্বে সংঘটিত বিভিন্ন সন্ত্রাসী ঘটনায় মুরাদের জড়িত থাকার অনেক তথ্য পাওয়া যাচ্ছে। গ্রেফতারকৃত ৭ জনের মধ্যে ৪ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, বাকীরা বহিরাগত মাস্তান। এরা বিশ্ববিদ্যালয় ছাড়াও নগরীর বিভিন্ন এলাকায় সহিংসতার সাথে জড়িত বলে পুলিশের ধারণা।